

# দৈনিক আজাদী

প্রতিষ্ঠাতা : আলহাজ্ব মোহাম্মদ আবদুল খালেক



২৭ ডিসেম্বর বৃহস্পতিবার ২০১২ খ্রি. ১৩ পৌষ ১৪১৯ সাল ১৩ সফর ১৪৩৪ হিজরী

ফ্লাইওভার ট্রাজেডি : নিহত নয়জনের পরিবারকে প্রধানমন্ত্রীর অনুদান



আজাদী প্রতিবেদন ॥

বহদুরহাটে চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষের নির্মাণাধীন গার্ডার চাপা পড়ে নিহত নয় জনের পরিবারকে গতকাল প্রধানমন্ত্রী শেখ হাসিনা আর্থিক সহায়তার চেক প্রদান করেছেন। নিহতদের প্রত্যেকের পরিবারকে দুই লাখ টাকা করে আর্থিক অনুদান দেয়া হয়েছে। গতকাল বাংলাদেশ মিলিটারি একাডেমিতে (বিএমএ) দীর্ঘমেয়াদী এবং স্পেশাল ক্যাডেটদের কমিশন প্রদান উপলক্ষে প্রেসিডেন্ট কুচকাওয়াজের পরে প্রধানমন্ত্রী নিহতদের পরিবারের সদস্যদের সাথে অনুদানের চেক তুলে দেন। প্রধানমন্ত্রীর ত্রাণ তহবিল থেকেই এই টাকা প্রদান করা হয়। চেক প্রদানকালে চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষের চেয়ারম্যান আলহাজ্ব আবদুচ ছালাম প্রধানমন্ত্রীর সাথে ছিলেন। গতকাল গার্ডার ধসে নিহত মনির হোসেন, কাজল কান্তি দে, এনামুল হক, মোহাম্মদ ইলিয়াছ প্রকাশ লেদু, চান মিয়া, সিরাজুল ইসলাম, সাজ্জাদ হোসেন, নসু মিয়া এবং মোশাররফ হসেন রাসেলের পরিবারের সদস্যদের প্রধানমন্ত্রীর সাথে সাক্ষাৎ করতে নিয়ে যাওয়া হয়েছিল।

উল্লেখ্য, প্রশাসন বহুদারহাটে ফ্লাইওভারের গার্ডার ধসের ঘটনায় সর্বমোট ১২ জন নিহত হয়েছে বলে তালিকা প্রস্তুত করে। তবে এদের মধ্যে তিন জনের কোন পরিচয় পাওয়া যায়নি। এদের কোন আত্মীয় স্বজনেরও হৃদিস মিলেনি। পরিচয় পাওয়া ৯ জনের প্রত্যেক পরিবারকে দুই লাখ টাকা করে প্রদান করা হয়েছে। এর আগে চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষের চেয়ারম্যানের পারিবারিক ব্যবসা প্রতিষ্ঠান ওয়েল গ্রুপের পক্ষ থেকেও এই নয়জনের প্রত্যেককে দুই লাখ টাকা করে প্রদান করা হয়।